

বেসু: অটোমোবাইল কোর্স

আজকালের প্রতিবেদন: শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং স্কুল সায়ংসে ইউনিভার্সিটির ১৫০ বছর উদ্‌যাপন অনুষ্ঠান শুরু হচ্ছে বেসুর প্রতিষ্ঠা দিবস ২৪ নভেম্বর। ২ দিনের অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব গুপ্তাচার্য। মঙ্গলবার প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বেসুর উপাচার্য ড. নিখিলরঞ্জন বন্দ্যোপাধ্যায় এ খবর জানান। তিনি বলেন, মুখ্যমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের ৪৬.৩০ কোটি টাকার একটি ফান্ডের জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছেন। আগামী শিক্ষাবর্ষ থেকে ডেভেলপমেন্ট স্টাডিজ-এম এসসি ও আন্ডার গ্র্যাজুয়েটে, স্নাতকোত্তর পর্যায়ে ৪টি বিষয়ের নতুন কোর্স চালু হচ্ছে। এ ছাড়া ২০০৮ সাল থেকে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর কোর্স চালু করবে বেসু।